

# Press Release on Prime Minister's meeting with Prime Minister of Denmark

May 03, 2022

## ডেনমার্কের প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠকের প্রেস বিজ্ঞপ্তি

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ডেনমার্কের প্রধানমন্ত্রী মিস মেটে ফ্রেডেরিকসেন-এর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন।

উভয় নেতা প্রথমে আলাদা আলাদাভাবে বৈঠক করেছেন। এরপর প্রতিনিধিদের মধ্যে বৈঠক হয়েছে।

উভয় প্রধানমন্ত্রী ভারত ও ডেনমার্কের মধ্যে পরিবেশ বান্ধব কৌশলগত অংশীদারিত্বের অগ্রগতির পর্যালোচনা করেছেন। এছাড়াও সমুদ্র সৈকতে বায়ুশক্তি এবং পরিবেশ বান্ধব হাইড্রোজেন জ্বালানী সহ পুনঃনবীকরণযোগ্য শক্তিক্ষেত্রে সহযোগিতা নিয়ে আলোচনা হয়েছে। দক্ষতা বিকাশ, স্বাস্থ্য, জাহাজ চলাচল, জল এবং সুমেরু অঞ্চলের ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা নিয়েও তাঁরা আলোচনা করেন।

আমাদের ক্ল্যাগশিপ কর্মসূচিগুলিতে ডেনিশ সংস্থগুলির ইতিবাচক ভূমিকার প্রশংসা করেছেন প্রধানমন্ত্রী। ডেনমার্কের প্রধানমন্ত্রী মিস মেটে ফ্রেডেরিকসেন সেদেশে ভারতীয় সংস্থগুলির ইতিবাচক ভূমিকার কথা উল্লেখ করেন।

দুই দেশের মানুষের মধ্যে যোগাযোগ বৃদ্ধি পাওয়ায় উভয় নেতা সন্তোষ প্রকাশ করেছেন এবং এক দেশ থেকে অন্য দেশে যাওয়া-আসা ও গতিশীলতা সংক্রান্ত অংশীদারিত্ব অভিপ্রায় সংক্রান্ত যে ঘোষণা হয়েছে তাকে তাঁরা স্বাগত জানিয়েছেন।

তাঁরা আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেছেন।

প্রতিনিধি পর্যায়ে আলোচনার পর একটি যৌথ বিবৃতি প্রকাশিত হয়েছে। এটি দেখতে চাইলে <https://www.mea.gov.in/bilateral-documents.htm?dtl/35261> - লিঙ্কে ক্লিক করুন।

যে চুক্তিগুলি স্বাক্ষরিত হয়েছে সেগুলি দেখতে চাইলে নিচের লিঙ্কে ক্লিক করুন:- <https://www.mea.gov.in/bilateral-documents.htm?dtl/35259>

কোপেনহেগেন

মে 03, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.